মোবাইলটি হাতে নিয়ে নাম্বারগুলো চেপে কানে দেয়। উল্টাপাল্টা নাম্বার চাপ দিলেও মোবাইলে টাকা না থাকায় সে বার বার একটা নারীর কণ্ঠ শুনতে পায়। তারপর তার স্বামীকে সন্দেহ করে, তার স্বামী আরেকটা বিয়ে করেছে ভেবে চেঁচামেচি করে সারাগাঁ মাথায় তোলে।

ক) চাষির বউয়ের গলায় ও নাকে কী অলংকার ছিল? ১
খ) আয়নাটি পানির কলসির ভিতর রাখার কারণ কী ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকে 'আয়না' গল্পের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ) 'আধুনিক জগৎ সম্পর্কে জ্ঞানের অভাবে এ বিভ্রান্তির সৃষ্টি'–'আয়না' গল্প অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১০। একদিন এক কুঁজো বুড়ি তার নাতনির বাড়ি যাবার জন্য রওয়ানা হলো। পথে বাঘ ও শেয়াল তাকে খেতে চাইল। বুড়ি বুদ্ধি করে বলল, 'আমাকে এখন খেয়ো না। নাতনির বাড়ি থেকে খেয়ে দেয়ে আগে মোটা তাজা হয়ে আসি তখন বরং খেও'। শেয়াল ও বাঘ তাতে রাজি হলো। এসব ঘটনা বুড়ি তার নাতনিকে বলল। ফেরার সময় বুড়ির নাতনি মস্ত লাউয়ের খোল জোগাড় করল তাতে চিঁড়ে গুড় দিয়ে, বুড়িকে ঢুকিয়ে তার মুখ বন্ধ করে জোরে ধাক্কা দিল। এভাবেই বুড়ি প্রাণ নিয়ে বাড়ি ফিরেছিল।

ক) রাজার তৃতীয় প্রশ্ন কী ছিল? ১
খ) মন্ত্রী দেশ-বিদেশের জ্ঞানী-গুণীর সঙ্গে দেখা করলেন কেন? বুঝিয়ে লেখ। ২
গ) উদ্দীপকের নাতনির সাথে 'রাখালের বুদ্ধি' গল্পের সাদৃশ্যপুর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকে বর্ণিত বিপদ থেকে রক্ষা পাওয়ার বিষয়টি 'রাখালের বুদ্ধি' গল্পেও প্রতিফলিত হয়েছে কি-না আলোচনা কর। ৪

১১। আসফাক আলী একজন চিন্তাশীল ব্যক্তি। সে সর্বদা চিন্তায় মগ্ন থাকে ফলে বাস্তবজগৎ থেকে সে অনেক দূরে সরে গেছে। তাকে কেউ কোনো প্রশ্ন করলে সে চুলচেরা বিশ্লেষণ শুরু করে দেয়। কারো কোনো কথায় সে বিরক্তবোধ করে না আবার তার কর্মকাণ্ডে কেউ বিরক্ত হলো কিনা সে বিষয়েও তার কোনো ভ্রূক্ষেপ নেই। আসফাক আলীর এসব কর্মকান্ডে তার স্ত্রী রাগ করে তাকে বলে–'আচ্ছা, তুমি এতো ভাবো, তুমিই বলতো, উপস্থিত কাজ উপস্থিত ভাবনা ছাড়া কী হয়? এসব বাজে ভাবনা নিয়ে থাকা কী ভালো? সকল ভাবনারই তো সময় আছে।'

ক) 'চিন্তাশীল' নাটিকায় চিন্তাশীল কে? ১
খ) সুবলের মা হেসে কুরুক্ষেত্র হলেন কেন? বুঝিয়ে লেখ। ২
গ) উদ্দীপকের আসফাক আলীর সাথে 'চিন্তাশীল' নাটিকার নরহরির সাদৃশ্য নিরূপণ কর। ৩
ঘ) "সকল ভাবনারই তো সময় আছে"– 'চিন্তাশীল' নাটিকার আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০ খ্রিঃ

## শ্রেণি : ষষ্ঠ

## বিষয় : বাংলা ১ম পত্র

## (সৃজনশীল)

সময় : ২.৩০ ঘণ্টা পূর্ণমান -৭০

**[ক ও খ বিভাগ হতে ২টি করে ৪টি, গ বিভাগ হতে ১টি এবং যে কোন বিভাগ থেকে আরো ২টি প্রশ্নের উত্তর সহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]**

### ক – বিভাগ : গদ্য

১। শহরের মেয়ে দীপা তার নানাকে নিয়ে নানা বাড়ির গ্রাম দেখতে বের হয়। তার নানা প্রথমে তাকে একটা অবস্থাপন্ন পরিবারে নিয়ে যান। এ পরিবারে তার বয়সী মেয়েরা সালোয়ার-কামিজ পরে, ঠোঁটে লিপিস্টিক দেয়, হাতে চুড়ি ও কানে স্বর্ণের দুল পরে। গৃহিনীরা তাঁতের শাড়ি পরে এবং শাড়ির আঁচল টেনে ঘোমটা দেয়। তাঁদের হাতে ও গলায় স্বর্ণালংকার শোভা পাচ্ছে। এ বাড়ি পেরিয়ে দীপা এক দিনমজুরের খড়ের তৈরি ঝুপড়ি ঘরে ঢুকে পড়ে। দিনমজুরের স্ত্রীর পরনে মলিন শাড়ি, সন্তানদের পরনে ছেঁড়া হাফপ্যান্ট এবং শরীরের রুগ্ন দশা দেখে দীপার খুব মনকষ্ট হয়। সেভাবে, শত শত বছর চলে যায়, কিন্তু এদেশের দরিদ্র মানুষের জীবনের অভাবগুলো আর চলে যায় না।

ক) 'সামন্ত' শব্দটির অর্থ কী? ১
খ) 'রাজা এসে গেছেন সমাজে। তাই কেউ প্রভু, কেউ ভৃত্য'–উক্তিটির দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ) দীপার দেখা গ্রামের লোকজনের পোশাক-পরিচ্ছদের সাথে হাজার বছর আগের পূর্বপুরুষদের পোশাকের যে মিল পাওয়া যায় তা বর্ণনা কর। ৩
ঘ) 'শত শত বছর চলে যায়, কিন্তু, এদেশের মানুষের জীবনের অভাবগুলো চলে যায় না।' উদ্দীপক এবং 'কত কাল ধরে' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৪

২। আসলাম সাহেব ডালের ব্যবসা করেন। তিনি অল্প শিক্ষিত হওয়ায় খাতায় হিসাব সংরক্ষণ করেন। তার ছেলে আনিস লেখাপড়া শেষে বাবার ব্যবসা পরিচালনার দায়িত্ব নেয়। সে কম্পিউটারের মাধ্যমে হিসাব-নিকাশ সংরক্ষণ করে। ই-মেইলের মাধ্যমে শহুরে ব্যবসায়ীদের সাথে যোগাযোগ করে। ছেলের পরিচালনায় ব্যবসা প্রতিষ্ঠানের উন্নতি দেখে আসলাম সাহেব অত্যন্ত খুশি হন।

ক) পানির কণার মধ্যে কী পৌঁছাতে না পারায় মেঘের রং কালো হয়? ১
খ) 'আকাশটা পরতে পরতে ভাগ'–বাক্যটি বুঝিয়ে লেখ। ২
গ) উদ্দীপকের আসলাম সাহেবের সাথে 'আকাশ' প্রবন্ধের যে দিকটির মিল রয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) "আসলাম সাহেবের ব্যবসায়িক উন্নতির পেছনে রয়েছে আধুনিক বিজ্ঞান চেতনা" ।–কথাটি 'আকাশ' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। আবদুল মজিদ মাস্টারের অর্থসম্পদ তেমন নেই। কিন্তু অন্যের উপকার করে তিনি খুব আনন্দ পান। এলাকার গরিবদের বিভিন্ন সমস্যা সমাধানের জন্য মজিদ মাস্টার নিজে কিছু টাকা দিয়ে এবং অন্যদের সহযোগিতায় একটি ফান্ড গঠন করেন। এতে হত-দরিদ্র পরিবারের ছেলেমেয়েদের বিয়ে থেকে শুরু করে পড়াশোনার খরচ ও দাফন-কাফনের কাজও চলতে থাকে।

ক) মাদার তেরেসা মানবসেবার জন্য যে সংঘ গড়ে তুলেছিলেন তার নাম কী? ১

খ) মাদার তেরেসা সব ধর্মের মানুষের ভালোবাসা কীভাবে পেয়েছিলেন বুঝিয়ে লেখ। ২

গ) উদ্দীপকের আবদুল মজিদ মাস্টারের মধ্যে মাদার তেরেসার কাজের যে দিকটি ফুটে উঠেছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ) 'আবদুল মজিদ মাস্টার ও মাদার তেরেসার দৃষ্টান্ত অনুসরণ করলে মানবজীবন শান্তিময় হয়ে উঠবে'। –এ বাক্যের তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

৪। বিজ্ঞানীদের আকাশ নিয়ে গবেষণার অন্ত নেই। আকাশের রহস্য জানার জন্য তারা সেখানে বিভিন্ন মহাকাশযান পাঠিয়েছে। কখনো এসব মহাকাশযানের সঙ্গী হয়েছে মানুষ। এসব মহাকাশযান মহাবিশ্ব থেকে নানা দুর্লভ ছবি তুলে পাঠিয়েছে। ফলে মহাকাশ নিয়ে মানুষের অনেক অগ্রগতি সাধিত হয়েছে।

ক) 'আকাশ' প্রবন্ধটির লেখক কে? ১

খ) পৃথিবী থেকে আকাশকে নীল দেখায় কেন? বুঝিয়ে লেখ। ২

গ) উদ্দীপকের সাথে 'আকাশ' প্রবন্ধের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপক ও 'আকাশ' প্রবন্ধের মূল বিষয় এক–বিশ্লেষণ কর। ৪

## খ–বিভাগ : পদ্য

৫। "আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে–এই বাংলায়
হয়তো মানুষ নয়–হয়তো বা শঙ্খচিল শালিকের বেশে,
হয়তো ভোরের কাক হয়ে কার্তিকের নবান্নের দেশে
কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল ছায়ায়"।

ক) 'জন্মভূমি' কবিতাটি পাঠের উদ্দেশ্য কী? ১

খ) জন্মভূমির ছায়ায় এসে কবির অঙ্গ জুড়ানোর কারণ ব্যাখ্যা কর। ২

গ) "উদ্দীপকের মূলভাব ও 'জন্মভূমি' কবিতার মূলভাব মূলত জন্মভূমির সৌন্দর্যকে উপস্থাপন করে।"– ব্যাখ্যা কর। ৩

ঘ) "উদ্দীপকের কবি ও 'জন্মভূমি' কবিতার কবির চেতনায় রয়েছে এক বৈপরীত্য"। –বিশ্লেষণ কর। ৪

৬। আলিম ও জামিল দুই ভাই। প্রবাসে গিয়ে আলিম প্রচুর সম্পদের মালিক হয়ে দেশে ফিরেছেন। বাড়ি, গাড়ি সবই করেছেন। নিজের সুখের সকল ব্যবস্থাই করেছেন। অপরদিকে জামিল কেবল নিজের সুখ নিয়ে ব্যস্ত নন। পরিবার ও পাড়া প্রতিবেশীর সুখে-দুঃখে তিনি এগিয়ে যান। অন্যের উপকার করার সুযোগ পেলে সুখী হন।

ক) কামিনী রায় কোন ছদ্ম নামে লিখতেন? ১

খ) "না সৃজিলা বিধি কাঁদাতে নরে"–বাক্যটি দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের জামিল সুখ কবিতায় বর্ণিত সুখী হবার কোন প্রক্রিয়াটি অনুসরণ করেছে–ব্যাখ্যা কর। ৩

ঘ) 'আলিমের সুখ প্রকৃত সুখ নয়'। সুখ কবিতার আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭। মধুমতি একটি অবহেলিত গ্রাম। জনসংখ্যা কম নয় তবুও শিক্ষার হার কম হওয়ায় এগুতে পারছে না গ্রামটি। রশিদ সাহেব গ্রামের অধিকার বঞ্চিত মানুষের অধিকার আদায়ের জন্য গ্রামবাসীদের নিয়ে ঐক্যবদ্ধ হলেন। গ্রামটিকে একটি আদর্শ গ্রামে পরিণত করলেন। রশিদ সাহেব আজ নেই তবুও মধুমতি গ্রামের প্রতিটি ঘর তাঁকে তাঁর কীর্তির জন্য শ্রদ্ধাভরে স্মরণ করছে।

ক) শেখ মুজিবুর রহমানের ঘর কোথায় আছে? ১

খ) বঙ্গবন্ধুকে কেন স্বাধীন বাংলাদেশের স্থপতি বলা হয়েছে? ব্যাখ্যা কর। ২

গ) বর্ণিত ঘটনার সাথে 'মুজিব' কবিতার ভাবগত দিক তুলে ধর। ৩

ঘ) 'মধুমতি গ্রামটি যেন 'মুজিব' কবিতার স্বাধীন বাংলা'–কথাটির সার্থকতা প্রমাণ কর। ৪

৮। স্কুলের টিফিনের সময় রাহুল দেখল শাহেদ আকাশের দিকে মন খারাপ করে তাকিয়ে আছে। শাহেদ বাড়ি থেকে আজ কোনো টিফিন আনতে পারেনি। তাই তার মন এত খারাপ। রাহুল তখন তার টিফিন সমান দু'ভাগে ভাগ করল এবং তার একটা অংশ শাহেদকে দিল। তারপর দু'জনেই হাসিমুখে টিফিন খেল।

ক) 'সুখ' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? ১

খ) 'আপনার কথা ভুলিয়া যাও'–বাক্যটি দ্বারা কবি কী বুঝিয়েছেন? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে 'সুখ' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'উদ্দীপকের রাহুল প্রকৃতপক্ষে সুখী'–'সুখ' কবিতার আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

## গ–বিভাগ : আনন্দপাঠ

৯। জাহেদ একদিন একটা মোবাইল কিনে আনে। তার স্ত্রী সাবিনা কখনো মোবাইল দেখেনি, সে ছিল একেবারেই বোকা প্রকৃতির। তার স্বামীকে মোবাইলে কথা বলতে দেখে তার মনে কৌতূহল জাগে। একদিন জাহেদ বাইরে গেলে তার স্ত্রী

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি : ষষ্ঠ**

**বিষয় : বাংলা ২য় পত্র**

**(রচনামূলক)**

সময় : ২.৩০ মিনিট পূর্ণমান -৭০

**প্রথম অংশ (ব্যাকরণ)**

১। **যে কোন ৪টি প্রশ্নের উত্তর দাও ঃ** ৪×৫ = ২০

(ক) বাক্য কাকে বলে? ভাগগত দিক থেকে বাক্য কত প্রকার ও কী কী? সংজ্ঞাসহ উদাহরণ দিয়ে লেখ।

(খ) পাঁচটি অনুজ্ঞাবোধক বাক্য গঠন কর।

(গ) শরীরের অঙ্গ-প্রত্যঙ্গ-বিষয়ক তিনটি করে সমার্থ শব্দ লেখ।

(ঘ) নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখ ঃ
নিয়তি, প্রশংসা, সামনে, উচিত, আজ

(ঙ) বানান কাকে বলে? বাংলা বানানের যে কোনো ৩টি নিয়ম উদাহরণসহ লেখ।

**নির্মিতি অংশ**

২। **যে কোনো ১টি অনুচ্ছেদ লেখ :** ৫

(ক) নববর্ষ

(খ) বসন্তকাল

৩। **সারাংশ/সারমর্ম লেখ ঃ (যে কোনো ১টি)** ১০

**(ক) সারাংশ ঃ**

অপরের জন্য তুমি তোমার প্রাণ দাও আমি বলতে চাইনে। অপরের ক্ষুদ্র ক্ষুদ্র দুঃখ তুমি দূর করো। অপরকে একটু সুখ দাও। অপরের সঙ্গে একটুখানি মিষ্টি কথা বলো। পথের অসহায় মানুষটির দিকে একটা করুণ কটাক্ষ নিক্ষেপ করো। তাহলেই অনেক হবে। চরিত্রবান মানুষ নিজের চেয়ে পরের অভাবে বেশি অধীর হন। পরের দুঃখকে ঢেকে রাখতে গৌরববোধ করেন।

**(খ) সারমর্ম ঃ**

ছোট ছোট বালুকণা, বিন্দু বিন্দু জল,
গড়ে তোলে মহাদেশ, সাগর অতল।
মুহূর্ত নিমেষ কাল, তুচ্ছ পরিমাণ,
রচে যুগ-যুগান্তর-অনন্ত মহান।
প্রত্যেক সামান্য ত্রুটি ক্ষুদ্র অপরাধ,
ক্রমে টানে পাপ পথে, ঘটায় প্রমাদ।
প্রীতি করুণার দান, স্নেহপূর্ণ বাণী,
এ ধরায় স্বর্গ শোভা নিত্য দেয় আনি।

৪। **ভাবসম্প্রসারণ কর : (যে কোনো একটি)** ১০

(ক) পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি।

**অথবা,**

(খ) নানান দেশের নানান ভাষা
বিনা স্বদেশী ভাষা মিটে কি আশা?

৫। **পত্র লেখ : (যে কোনো একটি)** ১০

(ক) পরীক্ষার ফলাফল জানিয়ে পিতার নিকট একটি পত্র লেখ।

(খ) নতুন বিদ্যালয়ে সপ্তম শ্রেণিতে ভর্তির অনুমতি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লেখ।

৬। **প্রবন্ধ রচনা কর : (যে কোনো একটি)** ১৫

(ক) বাংলাদেশের ষড়ঋতু

(খ) পিতা-মাতার প্রতি কর্তব্য

(গ) সংবাদপত্র

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি : ষষ্ঠ**

**বিষয় : গণিত**

**(সৃজনশীল)**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান -৭০

**[দ্রষ্টব্য ঃ যে কোনো ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]**

**ক – বিভাগ : পাটীগণিত**

**(৩টি থেকে ২টি)**

১। শ্রীসুক ১৫৯টি কলা, ২২৭টি আম ও ৪০১টি লিচু কতজন বালকের মধ্যে দিলে ৩টি কলা, ৬টি জাম ও ১১টি লিচু অবশিষ্ট থাকে। ১টি কলার মূল্য ২০ টাকা ১০০টি লিচুর মূল্য ৩০০ টাকা।

ক) ইউক্লিডীয় পদ্ধতিতে ৯৬ ও ১০০ এর ল.সা.গু নির্ণয় কর। ২

খ) সবচেয়ে বেশি কতজন বালকের মধ্যে ফলগুলো ভাগ করে দেয়া হলো। ৪

গ) প্রত্যেক বালকের প্রাপ্ত কলা এবং লিচুর মোট মূল্য নির্ণয় কর। ৪

২। এসসি মাধ্যমিক বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির মোট শিক্ষার্থীর সংখ্যা ১৮০ জন এবং আজ ৩০ জন অনুপস্থিত।

ক) ৪৫ জন শিক্ষার্থী কত জন শিক্ষার্থীর ৩০%? ২

খ) আজ শতকরা কতজন শিক্ষার্থী উপস্থিত আছে? ৪

গ) উপস্থিত শিক্ষার্থীর ৫৪% ছাত্র হলে উপস্থিত ছাত্রী সংখ্যা কত? ৪

৩। ফলের দোকান থেকে ২৪০টি আম কিনে আনা হলো। তার মধ্যে ১৫টি আম পচে গেল। আমগুলো ৪৫০০ টাকায় বিক্রয় করার ৬$\frac{১}{৪}$% ক্ষতি হলো।

ক) ভালো আমের সংখ্যা কত? ২

খ) শতকরা কতটি আম ভালো আছে? ৪

গ) আমগুলোর ক্রয়মূল্য কত? ৪

**খ–বিভাগ : বীজগণিত অংশ**

**(৩টি থেকে ২ টি)**

৪। পূর্ণ সংখ্যা তিনটি : $+15, +2, -8$

ক) $(-7) - (+8) - (25) =$ কত? ২

খ) সংখ্যারেখায় সর্ববামে কোন সংখ্যাটি অবস্থিত? সংখ্যাররেখার সাহায্যে সংখ্যা তিনটির যোগফল বের কর। ৪

গ) তৃতীয় সংখ্যার 5 গুণ থেকে প্রথম দুইটি সংখ্যার যোগফল এর 2 গুণ বিয়োগ করলে বিয়োগফল কত হবে। ৪

৫। $a=\frac{-1}{2}$ , b=4, c= – 2 হলে

ক) $a^3 \times c^3$ এর মান কত? ২

খ) $4a^2+4b^2+5c^2$ এর মান কত? ৪

গ) দেখাও যে $(b-c)^3=b^3-3b^2c+3bc^2-c^3$ ৪

৬। রহিমের কছে যতগুলো চকলেট আছে তার চার গুণ আছে করিমের। দুইজনের একত্রে 30টি চকলেট আছে।

ক) রহিমের চকলেট সংখ্যাকে x ধরে উভয়ের চকলেট নিয়ে একটি সমীকরণ গঠন কর। ২

খ) কার কাছে কয়টি চকলেট আছে? ৪

গ) করিম রহিমকে কয়টি চকলেট দিলে উভয়ের চকলেট সংখ্যা পরস্পর সমান হবে? সমীকরণ গঠন করে নির্ণয় কর। ৪

## গ–বিভাগ : জ্যামিতি

**(৩টি থেকে ২ টি)**

৭। AB ও CD রেখাদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করে।

ক) উপরোক্ত তথ্যের ভিত্তিতে চিত্র অঙ্কন কর। ২

খ) প্রমাণ কর যে, ∠AOD এবং ∠BOC এর সমদ্বিখন্ডকদ্বয় একই সরলরেখায় অবস্থিত। ৪

গ) ∠AOC=4x-16° এবং ∠BOC = 2 (x+20°) হলে x এর মান কত? ৪

৮। গত ৯ই এপ্রিল '২০ খ্রীঃ গণিত শিক্ষক শিক্ষার্থীদের 60° কোণ আঁকার জন্য বললেন–

ক) চাঁদার সাহায্যে কোনটি আঁক। ২

খ) অঙ্কিত কোণের সমান করে রুলার কম্পাসের সাহায্যে আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক।] ৪

গ) অঙ্কিত কোণের সমান করে কোণটিকে দুটি অংশে বিভক্ত কর। ৪

৯। AB এবং PQ রেখাদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করে।

ক) 5 সে. মি. বাহুর সমান করে একটি বাহু আঁকতে হবে। ২

খ) প্রমাণ কর যে, ∠POA=বিপ্রতীপ ∠QOB এবং ∠AOQ=বিপ্রতীপ ∠POB ৪

গ) প্রমাণ কর যে, ∠POA+∠AOQ=180° ৪

## ঘ-বিভাগ : তথ্য ও উপাত্ত

**(২টি থেকে ১টি)**

১০।

| ওভার | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রান | ১০ | ৮ | ৫ | ০ | ৭ | ১২ | ৮ | ৫ | ৯ | ১২ |

ক) রানের উৎপত্তিগুলোর মধ্যে মধ্যক নিণয় কর। ২

খ) রানের উপাত্তগুলোর গড় নির্ণয় কর। ৪

গ) ওভারভিত্তিক রানের রেখাচিত্র অঙ্কন কর ছক কাগজ ব্যবহার করে। ৪

১১। নিচের ২০ জন শ্রমিকের সাপ্তাহিক সঞ্চয় (টাকায়) দেয়া হলো–

১৭৫, ১৬০, ১৭১, ১৬০, ১৮০, ১৭৮, ১৯০, ১৭৫, ১৮০, ১৯২, ১০০, ১৯০, ১৯৫, ১৯০, ১৮৫, ১৯০, ১৭৮, ১৭৫, ১৯০, ১৮৫

ক) উপাত্তগুলোকে মানের ঊর্ধ্বক্রমে অনুযায়ী সাজাও। ২

খ) উপাত্তগুলোর মধ্যক নির্ণয় কর। ৪

গ) শ্রমিকদের সাপ্তাহিক সঞ্চয়ের গড় নির্ণয় কর। ৪

# অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২০ খ্রিঃ

**শ্রেণি : ষষ্ঠ**

**বিষয় : বিজ্ঞান**

**(সৃজনশীল)**

সময় : ২ ঘণ্টা ২০ মিনিট পূর্ণমান -৭০

[যে কোন সাতটি প্রশ্নের উত্তর দাও।)

১। কার্বন ডাই-অক্সাইড+R $\xrightarrow[\text{ক্লোরোপ্লাস্ট}]{\text{আলো}}$ S+পানি+অক্সিজেন

ক) পৃথিবীতে সকল শক্তির উৎস কী? ১

খ) রাতে সালোক সংশ্লেষণ হয় না কেন? ২

গ) উদ্দীপকে উল্লিখিত বিক্রিয়ায় কীভাবে S যৌগটি তৈরি হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ) জীবজগতে উল্লিখিত বিক্রিয়ার গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

২। শিল্পীর মা প্রতিদিন রান্নার কাজে বটি, অলুমিনিয়ামের হাঁড়ি-পাতিল, কাঠের চামচ, স্টিলের বাঁটি, কাঁচের প্লেট, কাঁচের গ্লাস ইত্যাদি ব্যবহার করেন। এগুলোর বিভিন্ন বৈশিষ্ট্য আছে।

ক) গলনাঙ্ক কী? ১

খ) বৈদ্যুতিক তারে তামা কেন ব্যবহার করা হয়? ২

গ) শিল্পীর মায়ের রান্নার হাঁড়িটি কীসের তৈরি? এটি ব্যবহারের সুবিধা ব্যাখ্যা করো। ৩

ঘ) "উদ্দীপকে উল্লেখিত পদার্থ সমূহের তাপ পরিবাহিতা ভিন্ন"–যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

৩। লিমন একটি বস্তুর এক প্রান্তে আগুনে দিয়ে অন্য প্রান্ত ধরে রাখল, কিন্তু কোনো তাপ অনুভব করল না। অতঃপর বস্তুটি ভাঙতে চেষ্টা করলে তা ভেঙে গেল।

ক) মোমের ফ্রিজিং পয়েন্ট কত? ১

খ) শব্দ পদার্থ নয় কেন? ২

গ) উদ্দীপকের বস্তুটির বৈশিষ্ট্য বর্ণনা করো। ৩

ঘ) বস্তুটি তামা হতে আলাদা কেন? মতামত দাও। ৪

৪। ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীরা একটি ব্যাটারি একটি বৈদ্যুতিক তামার তার একটি বাল্বের সাহায্যে ধাতুর বিদ্যুৎ পরিবাহীর পরীক্ষা করে। পরে তারা এলুমিনিয়ামের তার দ্বারা পরীক্ষাটি করে।

ক) পানির স্ফুটনাংক কত? ১

খ) ধাতুর চারটি বৈশিষ্ট্য লেখো। ২

গ) উদ্দীপকে ব্যবহৃত ২য় ধাতব পদার্থটির গুরুত্ব আলোচনা করো। ৩

ঘ) শিক্ষার্থী যে পরীক্ষাটি করে তা চিত্রসহ ব্যাখ্যা করো। ৪

৫। গ্রামের দরিদ্র কৃষক সিরাজ মিঞা গরমের সময় কাজের ফাঁকে বিশ্রাম নেওয়ার জন্য তার জমির পাশের বট গাছের নিচে বিশ্রাম নেন।

ক) শক্তির উৎস কী? ১

খ) পাতাকে সালোক সংশ্লেষণের প্রধান স্থানরূপে গণ্য করার ২টি কারণ লেখো। ২

গ) সিরাজ মিঞার গাছের নিচে বিশ্রাম নেওয়ার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ) 'উদ্ভিদের খাদ্য তৈরির প্রক্রিয়ার ওপর নির্ভর করে সমগ্র জীবজগৎ টিকে আছে'–উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৬। পানি নানাভাবে দূষিত হয়। পানিকে বিশুদ্ধ করার জন্য অনেক পদ্ধতি রয়েছে। এগুলোর মধ্যে পাতন, পরিস্রাবণ, ছাঁকন ইত্যাদি প্রধান।

ক) অবিচ্ছিন্ন দশা কাকে বলে? ১

খ) তরল-গ্যাস দ্রবণ বলতে কী বোঝ? ২

গ) উদ্দীপকের উল্লিখিত একটি পদ্ধতির ব্যাখ্যা দাও। ৩

ঘ) উদ্দীপকের পদ্ধতিগুলো "পানি বিশুদ্ধ করণে যথেষ্ট"–বিশ্লেষণ করো। ৪

৭। শ্রীসুক পারকি সমুদ্রসৈকতে বেড়াতে গিয়ে কিছু বালিযুক্ত সমুদ্রের পানি নিয়ে আসলেন। তিনি ছাত্রদের পানি থেকে খাওয়ার উপযোগী লবণ ও পানি তৈরি করতে বললেন।

ক) সার্বজনীন দ্রাবক কী? ১

খ) সমুদ্রের বালিযুক্ত পানি কোন ধরনের মিশ্রণ? ব্যাখ্যা করো। ২

গ) উক্ত মিশ্রণ থেকে খাওয়ার উপযোগী লবণ প্রস্তুত প্রক্রিয়া ব্যাখ্যা করো। ৩

ঘ) উদ্দীপকের লবণাক্ত পানি হতে লবণের স্ফটিকের প্রস্তুতি বর্ণনা করো। ৪

৮। শ্রীযুস একটি সমতল দর্পণ নিয়ে এর মধ্যে অভিলম্বের সাথে ৩০° কোণে রশ্মি আপতিত করায় সে প্রতিফলন পেল।

ক) পেরিস্পেপ তৈরিতে কয়টি সমতল দর্পন প্রয়োজন? ১

খ) অনুজ্জ্বল বস্তু কালো দেখায় কেন? ২

গ) উদ্দীপকের প্রতিফলনটি চিত্রের মাধ্যমে প্রকাশ করে প্রতিফলন কোণের মান নির্ণয় করো। ৩

ঘ) উদ্দীপকে কীভাবে প্রতিফলন কোণ ৬০° পাব তা চিত্রের মাধ্যমে ব্যাখ্যা করো। ৪

৯। যুদ্ধের সময় নৌবাহিনীর সৈন্যরা পানির নিচে ডুবোজাহাজে বসে একটি যন্ত্রের সাহায্যে পানির উপরে শত্রু সৈন্যদের অবস্থান পর্যবেক্ষণ করে। আবার শত্রু সৈন্যরা নিজেদের আড়াল করার জন্য ভূ-পৃষ্ঠে তাদের অবস্থান গুলোর সমস্ত আলো বন্ধ করে রাখে।

ক) আলোর শোষণ কাকে বলে? ১

খ) কোনো বস্তু কীভাবে আমাদের দৃষ্টি গোচর হয়? ব্যাখ্যা করো। ২

গ) উদ্দীপকে উল্লিখিত যন্ত্রটির গঠন ও কার্যপ্রণালি ব্যাখ্যা করো। ৩

ঘ) ভূ-পৃষ্ঠের সৈন্যদের আলো বন্ধ করে রাখার ওপর উদ্দীপকের যন্ত্রটির কাজে কোনো প্রভাব পড়বে কী? বিশ্লেষণ করো। ৪

১০। জীব জড়ের উপর নির্ভরশীল। আবার ১টি জীব অপর ১টি জীবের উপর নির্ভরশীল। পরিবেশ পর্যবেক্ষণ করে অভি দেখল দুই শ্রেণির জীব X ও Y পরস্পর নির্ভরশীল, যাদের উপর পরিবেশের ভারসাম্য নির্ভর করে।

ক) জীব উপাদান কাকে বলে? ১

খ) পৃথিবী থেকে ডাইনোসর কেন বিলুপ্ত হয়ে গেছে? ২

গ) আমাদের বেঁচে থাকার জন্য পরিবেশের মৌলিক উপাদান কীভাবে ভূমিকা রাখে। ৩

ঘ) পরিবেশের ভারসাম্য রক্ষায় X ও Y এর নির্ভরশীলতা বিশ্লেষণ করো। ৪

১১। সখিনা খাতুন একজন সুগৃহিনী। তিনি বাড়িতে অনেক গুলো হাঁস পালন করেন। প্রতিদিন সকালে হাঁসের জন্য পাশের বিল থেকে ঝিনুক ও শামুক সংগ্রহ করেন। প্রতিদিন হাঁসের বিষ্ঠা সংগ্রহ করে রাখেন এবং সেগুলো জমিতে সার হিসেবে ব্যবহার করেন।

ক) অজীব উপাদান কী? ১

খ) অঞ্চলভেদে উদ্ভিদ ও প্রাণীর বৈচিত্র্য দেখা যায় কেন? ২

গ) উদ্দীপকের বিলে ঝিনুক, শামুক কমে গেলে পরিবেশে কী সমস্যা হবে? ৩

ঘ) উদ্দীপকের সখিনা বেগম পরিবেশের একজন আন্তঃ সমন্বয়ক বিশ্লেষণ করো। ৪

# অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২০ খ্রিঃ

## শ্রেণি : ষষ্ঠ

## বিষয় : কৃষি শিক্ষা

## (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ২০ মিনিট পূর্ণমান -৭০

[যে কোন সাতটি প্রশ্নের উত্তর দাও।)

১। বাংলাদেশ একটি জনবহুল দেশ। দিন দিন জমির পরিমাণ কমে যাচ্ছে। তাই অল্প জমিতে বেশী ফসল উৎপাদনের জন্য জৈব সার ও রাসায়নিক সার ব্যবহার একান্ত প্রয়োজন।

ক) উদ্ভিদ কাকে বলে? ১

খ) জৈব সার বলতে কি বুঝায়? ২

গ) জমিতে জৈব সার প্রয়োগের ৩টি সুবিধা লেখ। ৩

ঘ) জমিতে রাসায়নিক সার প্রয়োগের ৪টি অসুবিধা লেখ। ৪

২। কৃষি কাজ আবহাওয়া ও জলবায়ুর উপর নির্ভরশীল। আবহাওয়া ও জলবায়ুর অনেকগুলো বৈশিষ্ট্য রয়েছে।

ক) তাপমাত্রা কাকে বলে? ১

খ) আবহাওয়া ও জলবায়ুর মধ্যে ২টি পার্থক্য লেখ। ২

গ) আবহাওয়ার ৩টি বৈশিষ্ট্য লেখ। ৩

ঘ) জলবায়ুর ৪টি বৈশিষ্ট্য লেখ। ৪

৩। কৃষিকাজ আবহাওয়া ও জলবায়ুর উপর নির্ভরশীল। ফসল চাষ, মাছ চাষ ও গৃহপালিত পশু পাখি পালনে আবহাওয়া ও জলবায়ুর গুরুত্ব অপরিসীম।

ক) আদ্রতা কি? ১

খ) বাংলাদেশের কোন কোন এলাকায় সর্বনিম্ন ও সর্বউচ্চ বৃষ্টিপাত হয়? ২

গ) ফসল চাষে আবহাওয়া ও জলবায়ুর গুরুত্ব সম্পর্কে বর্ণনা কর। ৩

ঘ) গৃহপালিত পশুপাখি পালনে আবহাওয়া ও জলবায়ুর গুরুত্ব সম্পর্কে বর্ণনা কর। ৪

৪। বীজ থেকেই নতুন বীজের জন্ম। বিভিন্নভাবে বীজকে শ্রেণী বিভাগ করা যায়। ভালো বীজের অনেকগুলো বৈশিষ্ট্য রয়েছে।

ক) বীজ কাকে বলে? ১

খ) বীজ আবরণের ভিত্তিতে বীজ কত প্রকার ও কি কি? ২

গ) ভালো বীজের ৩টি বৈশিষ্ট্য লেখ। ৩

ঘ) উদ্ভিদতাত্ত্বিক বীজ ও কৃষিতাত্ত্বিক বীজের মধ্যে ৪টি পার্থক্য লেখ। ৪

৫। প্রতি বছর ফসল মাড়াই মৌসুম আসলে কৃষক রহিম মিয়ার আঙ্গিনায় খড়কুটা, চিটা ও লতাপাতা ইত্যাদি আবর্জনায় ভরে যায়। এতে বাড়ির চারপাশে পরিবেশ নোংরা ও অস্বাস্থ্যকর হয়ে পড়ে। উপজেলা কৃষি কর্মকর্তার পরামর্শক্রমে রহিম মিয়া উক্ত আবর্জনা সদ্ব্যবহার পদ্ধতি গ্রহণ করলেন এবং তার কৃষি জমিতে এগুলো প্রয়োগের সিদ্ধান্ত নিলেন।

ক) ফসল কাকে বলে? ১

খ) জৈব পদার্থকে মাটির প্রাণ বলা হয় কেন? ২

গ) রহিম মিয়া কিভাবে তার বাড়ির আবর্জনা সদ্ব্যবহার করবে? ৩

ঘ) রহিম মিয়ার সিদ্ধান্তটি তার কৃষিকাজকে কিভাবে প্রভাবিত করবে তা বর্ণনা কর। ৪

৬। মাটি একটি প্রাকৃতিক বস্তু ও মিশ্র পদার্থ। মাটি ৪টি উপাদান নিয়ে গঠিত।

ক) মাটি কি? ১

খ) মাটির গঠন উপাদান ৪টির নাম লেখ। ২

গ) জৈব পদার্থ মাটির একটি গুরুত্বপূর্ণ উপাদান বর্ণনা কর। ৩

ঘ) খনিজ পদার্থ মাটির একটি গুরুত্বপূর্ণ উপাদান বর্ণনা কর। ৪

৭। তানিয়া তার মামার বাড়িতে বেড়াতে গেল। মামার বাড়িটি শিল্প এলাকায় অবস্থিত। খুবই ঘনবসতিপূর্ণ ঐ এলাকায় বড় বড় বিল্ডিং ও গাড়ি ছাড়া তেমন কিছু নেই। প্রচণ্ড গরমে সে অস্বস্তিবোধ করতে লাগল। তার নিঃশ্বাস নিতে কষ্ট হচ্ছিল। পরে এ বিষয়ে তার বাবা পরিবেশ বিশেষজ্ঞ রাকিব সাহেবের সাথে কথা বললে তিনি বললেন, ঐ এলাকায় মানুষের অসচেতনতাই এর জন্য দায়ী।

ক) তাপ কী? ১

খ) 'বাতাসের আদ্রতাই বৃষ্টিপাতের কারণ ব্যাখ্যা কর। ২

গ) মামার বাড়িতে তানিয়ার অস্বস্তিবোধ করার কারণ বর্ণনা কর। ৩

ঘ) তানিয়ার মামার এলাকাটিকে কিভাবে পরিবেশ দূষণের হাত থেকে রক্ষা করা যায় তা বর্ণনা কর। ৪

৮। উদ্যান ফসলের কিছু বিশেষ বৈশিষ্ট্য রয়েছে; যা অন্য ফসল থেকে এদেরকে আলাদা করেছে। তৎমধ্যে পুষ্টিও পারিবারিক গুরুত্ব এবং অর্থনৈতিক গুরুত্ব উদ্যান ফসলের জন্য খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ক) বসত বাড়ি কী? ১

খ) উদ্যান ফসল কয়ভাগে বিভক্ত ও কি কি? ২

গ) উদ্যান ফসলের অর্থনৈতিক গুরুত্ব সম্পর্কে বর্ণনা কর। ৩

ঘ) উদ্যান ফসলের পুষ্টি ও পারিবারিক গুরুত্ব সম্পর্কে বর্ণনা কর। ৪

৯। মাঠ ফসলের পরিচিতি ও অর্থনৈতিক গুরুত্বকে তার ব্যবহারের উপর ভিত্তি করে ছয়ভাগে বিভক্ত করা যায়।

ক) মাঠ ফসল কী? ১

খ) ২টি আঁশ জাতীয় ফসলের নাম লেখ। ২

গ) ছয় প্রকার মাঠ ফসলের নাম লিখ। ৩

ঘ) মাঠ ফসলের অর্থনৈতিক গুরুত্ব সম্পর্কে বর্ণনা কর। ৪

১০। কবুতর একক বাসা বা খোপের মধ্যে বসবাস করতে পছন্দ করে। এদেশে দুই পদ্ধতিতে কবুতর পালন করা হয়। যথাঃ মুক্ত পদ্ধতি ও অর্ধ আবদ্ধ পদ্ধতি।


ক) কবুতর থেকে বছরে কত জোড়া বাচ্চা পাওয়া যায়? ১

খ) কবুতরের ২টি জাতের নাম লিখ। ২

গ) মুক্ত পদ্ধতিতে কিভাবে কবুতর পালন করা যায় তা বর্ণনা কর। ৩

গ) কবুতরের একক খোপের একটি চিত্র অংকন কর। ৪

১১।




ক) আখলাকে জামিমা কাকে বলে? ১

খ) ধূমপান বলতে কি বুঝ? ২

গ) হিংসা আমাদের গূর্ণকে খেয়ে ফেলে এর ফলশ্রুতিতে আমাদের কি পরিণতি হতে পারে? উপস্থাপন কর। ৩

ঘ) মিথ্যাচার ব্যক্তি, সমাজকে অধঃপতনের দিকে ধাবিত করতে পারে। বিশ্লেষণ কর। ৪

# অর্ধ-বার্ষিক পরীক্ষা ২০২০খ্রিঃ

## শ্রেণি : ষষ্ঠ

## বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা

## (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

**নিচের উদ্দীপকগুলো পড় এবং যে কোন সাতটি প্রশ্নের উত্তর দাও।**

১। শয়তান মানুষের প্রকাশ্য ও অপ্রকাশ্য শত্রু। শয়তানের কুমন্ত্রণার ফলে মানুষ তার মানবিক গুণাবলি হারিয়ে ফেলতে পারে। প্রতিটি মানুষকে শয়তানের কুমন্ত্রণা থেকে আল্লাহর কাছে আশ্রয় চাওয়া উচিত।

ক) ফালাক শব্দের অর্থ কি? ১

খ) গীবত বলতে কি বুঝ? ২

গ) শয়তান প্রতিনিয়ত মানুষকে কিভাবে কুমন্ত্রণা দিয়ে থাকে? সুরা নাস এর আলোকে উপস্থাপন কর। ৩

ঘ) মানুষ কিভাবে মানবিক গুণাবলি অর্জন করতে পারে এবং আল্লাহর কাছে সাহায্য প্রার্থনা করতে পারে? বিশ্লেষণ কর। ৪

২। মাওলানা x সাহেব ইসলাম ধর্ম ক্লাসে ছাত্রদের পাঠদানকালে বললেন পবিত্র কুরানে এমন একটি সুরা রয়েছে যে সুরাটিকে কুরানের জননী বলা হয়। এই সুরাতে মহান রাব্বুল আলামীনের প্রশংসা বর্ণিত আছে।

ক) নুকতা কাকে বলে? ১

খ) মুজিজা বলতে কি বুঝ? মহানবি (সঃ) এর একটি মুজিজা তুলে ধর। ২

গ) উদ্দীপকে কোন সুরার কথা বলা হয়েছে? উক্ত সুরার ৫নং আয়াতের ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত সুরার ৩নং আয়াতের আলোকে হাশরের ময়দানের একটি চিত্র তুলে ধর। ৪

৩। মুস্তফা কুরান তিলাওয়াত করতে গিয়ে দেখল নাসিকা মূল এর মাধ্যমে সে বর্ণ উচ্চারণ করতে বাধাগ্রস্থ হচ্ছে এবং ঠোঁট ব্যবহার করে সঠিক উচ্চারণে বর্ণ উচ্চারণ করতে পারছে না।

ক) জাওফ কি? ১

খ) কণ্ঠনালির মধ্যভাগ থেকে কিভাবে বর্ণ উচ্চারিত হয়? ২

গ) মুস্তফা কেন নাসিকামূল এর মাধ্যমে বর্ণ উচ্চারণ করতে পারছেনা? নাসিকা মূল এর সঠিক ব্যবহার লিখ। ৩

ঘ) মুস্তফা কিভাবে ঠোঁট ব্যবহার করে সঠিক উচ্চারণে কুরান তিলাওয়াত করতে পারবে? উদাহরণসহ বুঝিয়ে লিখ। ৪

৪। আল্লাহ মানুষকে সৃষ্টি করেছেন তাঁর ইবাদতের জন্য। অথচ মানুষ তার পরিবর্তে দুনিয়ার মোহে আচ্ছন্ন। লোভ লালসায় মানুষ নিজেকে মত্ত রেখেছে। এবং পরস্পরের মাঝে গীবতের মত জঘন্য অপরাধ প্রশ্রয় দিয়ে যাচ্ছে। যা মোটেও উচিৎ নয়।

ক) জিবরাইল (আ.) কে ছিলেন? ১

খ) সাহাবা বলতে কি বুঝ? মহানবি (স.) এর দু'জন সাহাবার নাম উল্লেখ কর। ২

গ) মানুষ প্রতিনিয়ত কিভাবে আল্লাহর ইবাদত করতে পারে? বিশ্লেষণ কর। ৩

ঘ) গীবতের ফলে সমাজে কোন পরিস্থিতি সৃষ্টি হতে পারে? সুরা হুমায়াহ এর আলোকে তুলে ধর। ৪

৫। দুনিয়ায় শান্তি ও পরকালে মুক্তি লাভে প্রত্যেককে "সালিহাত" এর উপর অবিচল থাকা উচিত। ইমানদার হতে 'আসরে বিস সালিহাত' অত্যন্ত গুরুত্বপূর্ণ।

ক) হুতামাহ কি? ১

খ) খান্নাস বলতে কি বুঝ? ২

গ) 'আসরে বিস সালিহাত' কি? কিভাবে আমরা এটি অর্জন করতে পারি? ব্যাখ্যা কর। ৩

ঘ) দুনিয়ায় শান্তি ও পরকালে মুক্তি লাভে আমাদের করণীয় কী? বিশ্লেষণ কর। ৪

৬। বহুদিন আগে একজন সত্যবাদী বালক ডাকাতদলের কাছে সত্য বলে এক দৃষ্টান্ত রেখেছিল। বালকের সততায় ডাকাতদল সৎপথ প্রাপ্ত হলো এবং সেই বালক সকলের জন্য সততার দৃষ্টান্ত হয়ে থেকে গেল।

ক) আখলাক হামিদা কাকে বলে? ১

খ) হালাল রিজিক বলতে কি বুঝ? ২

গ) উদ্দীপকে কোন বালকের ইঙ্গিত পাওয়া যায়? উক্ত ঘটনাটি তুলে ধর এবং শিক্ষা লিখ। ৩

ঘ) 'সত্য মুক্তি দেয় মিথ্যা ধ্বংস করে' কথাটির প্রমাণ দাও। ৪

৭। মি. 'ক' সাহেব একজন সরকারী কর্মকর্তা। তাঁর কোনো অভাব নেই অথচ তার বৃদ্ধ মা বৃদ্ধাশ্রমে দিন যাপন করছেন। অথচ সেই মা তাকে অনেক কষ্ট করে বড় করেছেন। ক সাহেব অকৃতজ্ঞ ও মুর্খতা বশত এহেন কাজ করছেন যা শরিয়ত সম্মত নয়।

ক) হাদিস কাকে বলে? ১

খ) সত্য বললে কি উপকার হয়? ২

গ) মি. 'ক' সাহেব যে কাজটি করেছেন তার ফলে সমাজে কোন ধরণের বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ) পিতামাতার প্রতি আমাদের কি দায়িত্ব ও কর্তব্য রয়েছে? বিশ্লেষণ কর। ৪

৮। মি. 'খ' একজন বদরাগী মানুষ। তিনি তার আশে পাশের মানুষের সাথে অত্যন্ত খারাপ ব্যবহার করেন। অন্যের হক নষ্ট করেন। অথচ এ বিষয়ে শরিয়তে কঠিন শাস্তির বিধান রয়েছে।

ক) মিথ্যাচার কি? ১

খ) আখলাকে জামিমা বলতে কি বুঝ? ২

গ) মি. 'খ' সাহেবের আচরণ কিসের লঙ্ঘন? এর পরিণতি তুলে ধর। ৩

ঘ) একজন আদর্শ মানুষ হতে হলে আমাদের কোন কোন গুণাবলি অর্জন করতে হবে? এর সুফল সহ লিখ। ৪

৯। লুবনা ৮ম শ্রেণিতে পড়ে। যে শ্রেণিকক্ষে অন্য সহপাঠীদের সাথে সুন্দর আচরণ করেন। অহংকার যেন তাকে ঘিরে রেখেছে। সে গরীবদের তুচ্ছ তাচ্ছিল্য করে কথা বলে।

ক) প্রতিবেশী কাকে বলে? ১

খ) আত্মীয় বলতে কি বুঝ? ২

গ) লুবনা তার সহপাঠীদের সাথে কেমন আচরণ করা উচিৎ ছিল যা সে করেনি? ৩

ঘ) অহংকার কিভাবে মানুষের পূণ্যকে ধ্বংস করে দেয়? বিশ্লেষণ কর। ৪

১০। মি. 'Z' সাহেব কিছুদিন ধরে ফুসফুস ক্যানসার জনিত রোগে ভুগছেন। তিনি জানতেন কেন এই সমস্যা সৃষ্টি হয়। তারপরও তিনি সচেতন হননি। মাদক যেন তার নিত্য সঙ্গী ছিল। ফলশ্রুতিতে তার মুত্যুর প্রহর গুণছেন।

ক) বুহতান কাকে বলে? ১

খ) গালি দিলে কি ক্ষতি হয়? ২

গ) মি. 'Z' সাহেব যে রোগে ভুগছেন তা কি কারণে হয়? উক্ত কারণে সমাজে কোন ধরণের পরিস্থিতি সৃষ্টি হতে পারে? ৩

ঘ) মাদক কিভাবে একটি সুন্দর জীবনকে নষ্ট করে দিতে পারে? বিশ্লেষণ কর। ৪

১১। ‘রণে বনে জলে জঙ্গলে যখনই বিপদে পড়িবে,
আমাকে স্মরণ করিও, আমিই রক্ষা করিব।

ক) তারাপীঠ কী? ১
খ) লোকনাথ ব্রহ্মচারী গোয়ালিনীকে মা বলে ডাকতেন কেন? ২
গ) উপরোক্ত উদ্দীপকের মহাপুরুষের জীবনী থেকে আমরা কী শিক্ষা পাই? ব্যাখ্যা কর। ৩
ঘ) উক্ত ব্যক্তির দৃষ্টিতে জীবসেবার গুরুত্ব বর্ণনা কর। ৪

# অর্ধ-বার্ষিক পরীক্ষা ২০২০খ্রিঃ

## শ্রেণি : ষষ্ঠ

## বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

## (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

১। কৃষ্ণ মন্দিরের পুরোহিত মহাশয় একজন বিজ্ঞ ও বিচক্ষণ লোক। তিনি প্রতিদিন সন্ধ্যা আরতি শেষে ভক্তদের সঙ্গে জন্মান্তর ও কর্মফল সম্পর্কে আলোচনা করেন। তিনি ভক্তদের বলেন, ফলের আশা করে কর্ম করা উচিত নয়। এর সাথে জন্মান্তরের সম্পর্ক রয়েছে।

ক) ধর্ম বিশ্বাস কী? ১
খ) যজ্ঞ করার প্রয়োজনীয়তা কেন রয়েছে? ২
গ) পুরোহিত মহাশয়ের আলোচিত কর্মফল ও জন্মান্তরের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ৩
ঘ) ‘কর্মফলের কারণে জন্মান্তরের সৃষ্টি’–উক্তিটি উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। শ্রেণিকক্ষে শিক্ষক বলেছেন, যা অতীতে ছিল, বর্তমানে আছে এবং ভবিষ্যতে থাকবে সেটিই সনাতন। হিন্দু শব্দটি এসেছে সিন্ধু শব্দ থেকে। সিন্ধুনদ প্রাচীনকাল থেকে প্রবাহিত। প্রাচীনকালে এ নদের তীরে সনাতন ধর্মের লোক বাস করত। এখানে বসবাসকারী সনাতন ধর্মের লোকদের তারা হিন্দু বলত।

ক) ‘সনাতন’ শব্দের অর্থ কী? ১
খ) হিন্দুধর্মের বৈশিষ্ট্যগুলো লিখ। ২
গ) সনাতন ধর্ম কীভাবে হিন্দুধর্ম নামে প্রতিষ্ঠা লাভ করে ব্যাখ্যা কর। ৩
ঘ) সনাতন ও হিন্দু শব্দ দুটির উৎস মূলত একই–উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৩। কুশল ষষ্ঠ শ্রেণীতে পড়ে। সে নিয়মিত স্কুলে যায়, পড়াশোনা করে, পিতা মাতার আদেশ পালন করে, শিক্ষকের উপদেশ অনুযায়ী চলে এবং গুরুজনদের ভক্তি-শ্রদ্ধা করে। সবাই তাকে ভালো ছাত্রী হিসেবেই জানে।

ক) পিতার সন্তুষ্টিতে কারা সন্তুষ্ট হন? ১
খ) গুরুজনদের ভক্তি করা আমাদের কর্তব্য কেন? ২
গ) ছাত্র হিসেবে তোমার কর্তব্যসমূহ চিহ্নিত কর। ৩
ঘ) কুশলের জীবনে সাফল্য অর্জনের পেছনে উক্ত বিষয়টির ভূমিকা কী হতে পারে? বিশ্লেষণ কর। ৪

৪। যা কিছু করা হয় তাই ধর্ম। যে সকল কর্ম অনুশীলন করা হয় তাই কর্তব্য। আমাদের পরিবার ও সমাজের প্রত্যেকেরই নিজ কর্তব্য রয়েছে।

ক) ভক্তি বলতে কী বোঝ? ১

খ) আমরা ধর্মে বিশ্বাস করি কেন? ২

গ) পরিবারে পিতা ও মাতার প্রতি তুমি কোন কর্তব্যগুলো পালন করে থাকো তা লেখ। ৩

ঘ) তোমার ভবিষ্যৎ জীবন গড়ার ক্ষেত্রে তোমার মা বাবা কী দায়িত্ব ও কর্তব্য পালন করছেন তা চিহ্নিত কর। ৪

৫। নিখিল ও অনিমেষ একই অফিসে চাকরি করে। নিখিল মাকে দেবতাজ্ঞানে ভক্তি করে। যখনই বাড়িতে যায়, মায়ের পাশে বসে, খোঁজ-খবর নেয়, সেবা করে। অন্যদিকে অনিমেষ তার বৃদ্ধ পিতা-মাতার পরিচর্যা করে ও ভরণ পোষণ দেয়। এছাড়া ছোট ভাই-বোনদের লালন-পালন ও পড়াশোনার খরচও সে দেয়।

ক) কর্তব্য পালন কীসের অঙ্গ? ১

খ) পিতার অবর্তমানে সন্তানের কর্তব্য কী? ব্যাখ্যা কর। ২

গ) পাঠ্যবইয়ের কার সাথে নিখিলের মাতৃভক্তির সাদৃশ্য খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) অনিমেষের কর্মকান্ডে পিতা-মাতার প্রতি সন্তানের কর্তব্য পালন হয়েছে কি? বিশ্লেষণ কর। ৪

৬। প্রতি বছর মাঘ মাসের শুক্লা পঞ্চমী তিথিতে মৌসুমীদের বাড়িতে এক বিশেষ পূজার আয়োজন করা হয়। নানা নিয়ম পালনের মধ্যে দিয়ে ঐ দিনটি তাদের বাড়ির সকলে গভীর ভক্তিভরে উদ্‌যাপন করে থাকে। এদিন পূজা শেষে পুষ্পাঞ্জলি অর্পণ করে প্রার্থনা করা হয়।

ক) উৎসব মানে কী? ১

খ) গণেশ দেবতার প্রণাম মন্ত্রটির সরলার্থ লেখ। ২

গ) উদ্দীপকের মৌসুমীদের বাড়িতে কোন দেবীর পূজা করা হয় ব্যাখ্যা কর। ৩

ঘ) মৌসুমী ও তার পরিবারের উল্লিখিত দেবীর পূজার আধ্যাত্মিক ও সামাজিক প্রভাব বিশ্লেষণ কর। ৪

৭। 'ক' স্কুলের হিন্দু শিক্ষার্থীরা প্রতিবছর বিদ্যাদেবীর আরাধনার আয়োজন করেন। এতে বিশেষ এক দেবীর অর্চনা বিশেষভাবে হয়ে থাকে। এতে সামাজিক সম্প্রীতি বৃদ্ধি পায়।

ক) উদ্দীপকে কোন দেবীর কথা বলা হয়েছে? ১

খ) পূজা বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকে উল্লিখিত পূজার সাধারণ বিধি লেখ। ৩

ঘ) উদ্দীপকের শেষ উক্তিটির যথার্থতা যাচাই কর। ৪

৮। ভারতবর্ষের কলকাতার উত্তরে ছিলেন একজন মহীয়সী নারী। তিনি আজীবন ধর্মচর্চা ও জনকল্যাণমূলক কাজ করে গেছেন। সরকারের সাথে লড়াই করে তিনি জেলেদের স্বার্থে গঙ্গার জলকর বন্ধ করে দেন। নীলকরদের উৎপীড়নের হাত থেকে প্রজাদের রক্ষা করেন। মৃত্যুর আগের দিন এই মহীয়সী নারী তার সমস্ত সম্পত্তি দেবোত্তর দানপত্র করে যান।

ক) শ্রীকৃষ্ণ কোন তিথিতে জন্মগ্রহণ করেন? ১

খ) লোকনাথ ব্রহ্মচারী সন্ন্যাস গ্রহণ করেছিলেন কেন? ২

গ) উদ্দীপকে কোন মহীয়সী নারীর কথা বলা হয়েছে? ধর্মচর্চার ক্ষেত্রে তাঁর অবদান ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত মহীয়সী নারীর জীবনী আমাদের জন্য কতটুকু শিক্ষণীয় বলে তুমি মনে কর? সপক্ষে যুক্তি দাও। ৪

৯।




ক) তারাপীঠ কোথায় অবস্থিত? ১

খ) সর্বানন্দের সংসার চলত কীভাবে? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের ছকটি যে মহাপুরুষকে নির্দেশ করে তার সাধন-জীবন তোমার পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত জীবনাদর্শ থেকে প্রাপ্ত নৈতিক শিক্ষাকে তুমি নিজের জীবনে কীভাবে প্রয়োগ ঘটাবে? বিশ্লেষণ কর। ৪

১০। শ্রীরামকৃষ্ণ বলেছেন, আন্তরিক হলেই সব ধর্মের ভিতর দিয়েই ঈশ্বরকে পাওয়া যায়। তিনি আরও বলেন, 'যত মত, তত পথ'।

ক) শ্রীরামকৃষ্ণ কত খ্রীষ্টাব্দে পরলোক গমন করেন? ১

খ) শ্রীরামকৃষ্ণের অন্য ধর্মের প্রতি কেমন মনোভাব লক্ষ্য করা যায়? ২

গ) সকল ধর্মের মধ্যে তুমি কীভাবে সমন্বয় রক্ষা করতে পার? শ্রীরামকৃষ্ণের শিক্ষার আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) 'যত মত, তত পথ'—উদ্দীপকের উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

ঘ) "দর্শনীয় স্থানটি বৌদ্ধধর্মের ঐতিহ্যকে ধারণ করে আছে"–পাঠ্য পুস্তকের সংশ্লিষ্ট অধ্যায়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। বাংলাদেশের ইতিহাস অত্যন্ত সমৃদ্ধ। এদেশে প্রাচীন বৌদ্ধ বিহারের অনেক ধ্বংসস্তূপ রয়েছে। এগুলো দর্শন করলে মনের প্রসারতা বাড়ে।

ক) ময়নামতি কোথায় অবস্থিত? ১

খ) অরিয়ধর্ম বলতে কী বোঝ? ২

গ) উদ্দীপকে আলোচিত বিষয়টির দর্শনীয় সুফল ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত প্রত্নতাত্ত্বিক নিদর্শন সংরক্ষণের উপায়সমূহ বিশ্লেষণ কর। ৪

# অর্ধ-বার্ষিক পরীক্ষা ২০২০খ্রিঃ

## শ্রেণি : ষষ্ঠ

## বিষয় : বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

## (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

[যে কোনো সাতটি সৃজনশীল প্রশ্নের উত্তর দাও।]

১। সুষমা একজন রাখাইন মেয়ে। তিনি ও তাঁর বন্ধু একদিন কিয়াং-এ প্রার্থনা করতে গিয়ে একজন বৌদ্ধ ভিক্ষুকে পদ্মাসনে বসে চোখ বন্ধ অবস্থায় দেখতে পেলেন। তিনি তখন আরেকজন ভিক্ষুকে জিজ্ঞাসা করলেন, ভন্তে, উনি কী করছেন? ভিক্ষু বললেন, তিনি ধ্যান-সাধনায় মগ্ন আছেন।

ক) চতুরার্য সত্য কী? ১

খ) দুঃখের কারণ বলতে কী বোঝায়? ২

গ) বৌদ্ধ ভিক্ষুটি কোন পথ অনুসরণ করছেন? বর্ণনা দাও। ৩

ঘ) উক্ত পথ অনুসরণের ফলে ভিক্ষুটি কোন সত্য উপলব্ধি করতে পারবে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

২। মানবজীবন দুঃখসম, জন্ম থেকে মৃত্যুর আগ পর্যন্ত মানুষকে দুঃখ ভোগ করতে হয়। জন্ম দুঃখ, জরা-দুঃখ, মৃত্যু দুঃখ ইত্যাদি। এ সকল দুঃখের মূল কারণ অবিদ্যা এবং তৃষ্ণা। তৃষ্ণার কারণে মানুষকে বারবার ভবচক্রে জন্মগ্রহণ করে দুঃখ ভোগ করতে হয়।

ক) দুঃখ থেকে মুক্তির উপায় কী? ১

খ) চতুরার্য সত্য কী কী? ২

গ) উদ্দীপক থেকে তুমি কী শিক্ষা নিতে পার? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লেখিত দুঃখ থেকে মুক্তির কোন উপায় আছে কী? বিশ্লেষণ কর। ৪

৩। অনিরুদ্ধ বড়ুয়া একজন চাকরিজীবী। ছুটির দিনে এক সকালে বিহারে গিয়ে তিনি সূত্রপাঠ ও বুদ্ধ জীবনের কীর্তনের মাধ্যমে প্রভাতফেরিতে অংশগ্রহণ করেন। পরে বুদ্ধ পূজা প্রদান করে পঞ্চশীল গ্রহণ করেন। দুপুর বারটার আগে ভিক্ষুসজ্ঘকে পিণ্ড দান করেন এবং বিকালে ধর্ম সভায় বুদ্ধের জন্ম, বুদ্ধত্ব লাভ ও মহাপরিনির্বাণ তিনটি উল্লেখযোগ্য বিষয়ের আলোচনা করা হয়।

ক) প্রবারণা শব্দের অর্থ কী? ১

খ) মাঘী পূর্ণিমার গুরুত্ব বর্ণনা কর। ২

গ) অনুচ্ছেদে বর্ণিত বিষয়ের সাথে কোন পূর্ণিমা সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) অনুরুদ্ধ বড়ুয়া উক্ত ধর্মীয় অনুষ্ঠানে যোগদান করে কী সুফল লাভ করবে? পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। এক পূর্ণিমা রাতে সিদ্ধার্থ জন্ম নিয়েছিলেন। দীর্ঘ ৬ বছর সাধনার পর, একই তিথিতে বুদ্ধগয়ার বোধিবৃক্ষের নিচে তিনি বোধিজ্ঞান লাভ করেন। এই জন্য বুদ্ধরা বিশেষভাবে এই দিনটি পালন করেন।

ক) প্রবারণা পূর্ণিমা কাকে বলে? ১

খ) ধর্মীয় উৎসব কী? ২

গ) উদ্দীপকে যে পূর্ণিমাকে নির্দেশ করছে বৌদ্ধরা কীভাবে তা পালন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ) এই পূর্ণিমার বিশেষ বৈশিষ্ট্য সমূহ বিশ্লেষণ কর। ৪

৫। বৌদ্ধধর্মের একটি আলোচিত ও প্রধান ব্যক্তিত্ব যিনি সিদ্ধার্থ গৌতমের সাথে একই দিনে জন্মগ্রহণ করেন। তাকে বুদ্ধের একজন স্থায়ী সেবকরূপে নিযুক্ত করা হয়। তিনি ধর্ম ভাণ্ডারিক ও শ্রুতিধর নামে খ্যাতি ছিলেন।

ক) উপালির মাতার নাম কী? ১

খ) বিনয় পিঠকের সংকলন সম্পর্কে লেখ। ২

গ) উদ্দীপকে কোন মহান মনীষীর ইঙ্গিত রয়েছে। তাকে কেন ধর্ম ভাণ্ডারিক বলা হতো? ব্যাখ্যা কর। ৩

ঘ) ভিক্ষুণী সংঘ প্রতিষ্ঠায় তাঁর ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৬। ক্ষেমা তাঁর রূপ নিয়ে অহংকারী ছিলেন। তাঁর রূপের অহংকার বুদ্ধ কর্তৃক নিন্দিত হবে মনে করে ক্ষেমা বুদ্ধের সম্মুখে যেতেন না। একদিন ক্ষেমা বুদ্ধের কাছে যেতে সম্মত হলে বুদ্ধ একটি অলৌকিক দৃশ্য সৃষ্টি করেন। দৃশ্যটি হলো, স্বর্গের এক অপ্সরা তালপাতার পাখা নিয়ে বুদ্ধকে বাতাস করছে। তখন ক্ষেমা অবাক বিস্ময়ে স্বর্গের অপ্সরাকে দেখতে লাগলেন। বুদ্ধের ইচ্ছা অনুযায়ী অপ্সরা এক সময় যৌবন থেকে মধ্য বয়সে রূপান্তরিত হয়ে গেল। তাঁকে বার্ধক্য গ্রাস করল। অপ্সরার দাঁত নেই, চামড়া কুচকানো, চুল পাকা। এক সময় বুদ্ধা অপ্সরা মাটিতে পড়ে গেল। তখন ক্ষেমা অনুতপ্ত হয়ে বললেন, হায়! অপরূপ সৌন্দর্যের এই পরিণতি! আমার দেহের ও একদিন এ পরিণতি হবে।

ক) বুদ্ধের সেবক কে ছিলেন? ১

খ) পূর্ণকে আগে প্রব্রজ্যা দেওয়া হলো কেন? ২

গ) উদ্দীপকে বর্ণিত কাহিনীটি চরিতমালার কোন চরিত্রের সঙ্গে মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'আমার দেহের ও এ পরিণতি হবে'–চরিতমালা আলোকে উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৭। একদা মহেশখালীর নিচু জায়গায় অতিবৃষ্টির কারণে নলকূপগুলো ডুবে যায়। এতে বিশুদ্ধ খাবার পানির অভাব দেখা যায়। উক্ত এলাকায় দূরবস্থার খবর পত্রিকায় দেখে মানিক বড়ুয়ার মায়া হয়। তাই তিনি তাদের সাহায্যের জন্য এগিয়ে আসেন এবং বিশুদ্ধ পানি সরবরাহের ব্যবস্থা করেন। এতে এলাকাবাসী উপকৃত হয়।

ক) চার বন্ধু কোথায় বাস করত? ১

খ) অনৈতিক কাজ করা উচিত নয় কেন? ২

গ) মানিক বড়ুয়ার সাথে জাতকের কার চরিত্রের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) "কুশলকর্ম সম্পাদনে সকলেরই উদ্যমশীল হওয়া উচিত"–এ উপদেশটির সঙ্গে মানিক বড়ুয়ার কাজটি কতটুকু সাদৃশ্যপুর্ণ? ব্যাখ্যা কর। ৪

৮। হেমার দিদিমা তাকে একটি জাতক কাহিনী শোনাল। যে জাতকের সারমর্ম ছিল মূর্খ বন্ধুর চেয়ে বুদ্ধিমান শত্রু অনেক ভালো। হেমা কাহিনীটি শুনে খুবই অবাক হলো।

ক) জাতকের সংখ্যা কতটি? ১

খ) আমরা চাঁদে কেন শশক চিহ্ন দেখি? ২

গ) উদ্দীপকে তোমার পাঠ্য বইয়ের কোন জাতকের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত জাতকের উপদেশ বিশ্লেষণ কর। ৪

৯। জ্ঞানাঙ্কুর বৌদ্ধ বিহারের উপাসক-উপাসিকারা সম্মিলিতভাবে বাংলাদেশের প্রসিদ্ধ স্থান দর্শনের সিদ্ধান্ত নেন। সিদ্ধান্তক্রমে তাঁরা নির্ধারিত সময়ে একটি বিহার দর্শনের উদ্দেশ্যে রওয়ানা হয়। সেখানে পৌঁছে বিহারটির ধ্বংসাবশেষ দেখতে যান। তাঁরা আরো লক্ষ করেন, বিহারটিতে ১১৫টি কক্ষ রয়েছে। প্রতিটি কক্ষ পুরু দেয়ালে পৃথক রয়েছে। এছাড়া বিহারের গাত্রের দেয়াল সারি সারি পোড়ামাটির চিত্রে অলংকৃত। উক্ত বিহার দর্শন করে সবাই মুগ্ধ হলেন।

ক) পাল বংশের কোন রাজা সোমপুর মহাবিহার প্রতিষ্ঠা করেন? ১

খ) দর্শনীয় স্থানসমূহ ভ্রমণ করা উচিত কেন? ২

গ) উদ্দীপকে বর্ণিত উপাসক উপাসিকারা কোন ঐতিহাসিক স্থান দর্শন করেছেন? ব্যাখ্যা কর। ৩

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি : ষষ্ঠ**

**বিষয় : চারু ও কারুকলা**

**(সৃজনশীল)**

সময় : ১ ঘণ্টা ১০ মি. পূর্ণমান-৫০

**১। যে কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০**

ক) বাংলাদেশের কারুশিল্প সম্পর্কে সংক্ষেপে বর্ণনা কর।

খ) ছবি আঁকতে দূরত্ব ও অনুপাতের গুরুত্ব সংক্ষেপে লেখ।

গ) ছবি আঁকার পেনসিল রং ও প্যাস্টেল রং সম্পর্কে ব্যাখ্যা কর।

**বহুনির্বাচনী প্রশ্ন (১০টি) ১০×১=১০**

১। লোকশিল্প তৈরির জন্য নকশা হিসেবে একই চিত্রের বারবার ব্যবহারকে কি বলে?

(ক) 'প্রতীক' (খ) 'মোটিফ' (গ) 'নকশা' (ঘ) 'আলপনা'

২। বাঙালি মেয়েদের সাজ-সজ্জায় অতি প্রাচীনকালে কিসের ব্যবহার ছিল?

(ক) শাড়ী (খ) কুর্তি (গ) অলঙ্কার (ঘ) থ্রী-পিচ

৩। ছবিতে ছোট ও বড় বস্তুর তারতম্যকে কি বলে?

(ক) দৈর্ঘ্য (খ) অনুপাত (গ) আয়তন (ঘ) পরিমাপ

৪। ছবিতে রং দেবার সময় কাছের জিনিসের রং অপেক্ষা দূরের জিনিসের রং কেমন হবে?

(ক) হালকা (খ) গাঢ় (ঘ) পাতলা (ঘ) ঝাপসা

৫। নিন্মের কোনগুলোর প্রাথমিক বা মৌলিক রং?

(ক) হলুদ, সবুজ, কমলা (খ) কালো, সাদা ও লাল

(গ) সবুজ, নীল, সাদা (ঘ) লাল, নীল ও হলুদ

৬। ছবি আঁকার একটি প্রধান উপকরণ–

(ক) কাগজ (খ) রং (গ) পেন্সিল (ঘ) বোর্ড

৭। শীতকালের ছবিতে দেখা যায়–

(ক) নারকেল গাছ (গ) খেজুর গাছ (গ) তাল গাছ (ঘ) আম গাছ

৮। রেখা সাধারণত কত প্রকার?

(ক) দুই প্রকার (খ) চার প্রকার (গ) তিন প্রকার (ঘ) পাঁচ প্রকার

৯। মোম প্যাস্টেল বা অয়েল প্যাস্টেলের প্যাকেটের গায়ে ইংরেজিতে লেখা থাকে–

(ক) Pastel (খ) Mome Pastel

(গ) Oil Pastel (ঘ) Chalk Pastel

১০। অ্যাক্রেলিক রঙে ছবি আঁকার জন্য কী মেশাতে হয়?

(ক) পানি (খ) গাম (গ) তেল (ঘ) অক্সাইড

**ব্যবহারিক অংশ–৩০**

১। দৃশ্য অংকন করে রং কর–শরৎকাল ১৫

২। ফুল, লতা, পাতা দিয়ে নকশা অংকন কর। ১৫
(কালো-সাদা) মাধ্যমে।